গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
সিএম, প্রধান কার্যালয়
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা-১২০৮।
www.bsti.gov.bd

**স্মারক নম্বর:** ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০০২.২৫.১৬১

তারিখ: ৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **শিল্পের কাঁচামাল হিসেবে আমদানিকৃত বিএসটিআই'র বাধ্যতামূলক পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ড এর অফিস স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.১৮.০০৩.২৩.১, তারিখ: ০১ জানুয়ারি ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার সময়ে সময়ে এসআরও জারির মাধ্যমে ২৯৯টি পণ্যকে বাধ্যতামূলক মান সনদের আওতাভূক্ত করেছে। বাধ্যতামূলক মান সনদের আওতাভূক্ত এই পণ্যসমূহের মধ্যে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর এর অনুচ্ছেদ ২৫(৪৮) এর বিধানমতে পরিশিষ্ট-৪ এর তালিকায় বর্ণিত মোট ৭৯ (উনআশি) টি পণ্য দেশে আমদানি করা হলে কাস্টম কর্তৃপক্ষের চূড়ান্ত শুল্কায়নের পূর্বে আমদানিকারককে বিএসটিআই হতে বাংলাদেশ মান (বিডিএস) অনুযায়ী পরীক্ষণপূর্বক ছাড়পত্র গ্রহণ এবং উক্ত ছাড়পত্রের কপি কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। কাস্টমস কর্তৃপক্ষের ব্যবহৃত ASYCUDA World সিস্টেমে পণ্যের চালান খালাস প্রক্রিয়ায় ০৮ (আট) ডিজিট-বিশিষ্ট এইচএস কোডের মাধ্যমে উক্ত পণ্যসমূহসহ সকল পণ্য চিহ্নিত ও ব্যবস্থিত করে থাকে। জনগুরুত্বপূর্ণ বিবেচনায় নিম্নমানের পণ্য দেশে প্রবেশ রোধকল্পে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিএসটিআই'র অনুরোধের অনুবৃত্তিক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রস্থ পত্রের মাধ্যমে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এ উল্লিখিত বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর তালিকাভুক্ত পণ্যসমূহের ১৭৫টি এইচএস কোড ASYCUDA World সিস্টেমে অন্তর্ভুক্তিপূর্বক গত ০১-০১-২০২৫খ্রি. তারিখ হতে কার্যকর করা হয়েছে। ASYCUDA World সিস্টেমে এইচএস কোড অন্তর্ভূক্তির ফলে মিথ্যা ঘোষণায় আমদানিকৃত নিম্নমানের পণ্য দেশে প্রবেশ রোধ করা সম্ভব হলেও শিল্পে ব্যবহারের জন্য আমদানিকৃত কাঁচামালসমূহ দ্রুত খালাসকরণের কোনো কোনো ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। শিল্পের কাঁচামাল সরাসরি বাজারে বিক্রয়-বিতরণ করা হয়না বিধায় বিএসটিআই'র বাধ্যতামূলক পরীক্ষণ ও ছাড়পত্রের আওতাভূক্ত শিল্পের কাঁচামাল হিসেবে আমদানিকৃত পণ্যসমূহের খালাস প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে Case to Case ভিত্তিতে নিম্নবর্ণিত ব্যবস্থায় ও শর্তে সাময়িক ছাড়পত্র প্রদানের প্রস্তাবে বিএসটিআই কর্তৃপক্ষ সদয় অনুমোদন প্রদান করেছেন:

(ক) আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫(৪৮) এর পরিশিষ্ট-৪ এর তালিকায় বর্ণিত ৭৯ (উনআশি) টি পণ্যের মধ্যে কোনোটি শিল্পের কাঁচামাল ঘোষণায় আমদানি করা হলে আমদানিকারক প্রতিষ্ঠানকে শিল্পে কাঁচামাল হিসেবে ব্যবহারের স্বপক্ষে উপযুক্ত প্রমাণক, আমদানিকারক কর্তৃক কোথায়, কোন গোডাউনে শিল্পের কাঁচামাল হিসেবে আমদানিকৃত পণ্য সংরক্ষণ করা হবে- তার পূর্ণাঙ্গ ঠিকানাসহ যে বন্দরের মাধ্যমে পণ্য আমদানি করা হয়েছে উক্ত বন্দর সংশ্লিষ্ট বিএসটিআই অফিসে উক্ত কনসাইনমেন্টের অনুকূলে সাময়িক ছাড়পত্র গ্রহণের জন্য আবেদন দাখিল করতে হবে।

(খ) বিএসটিআই কর্তৃক সংশ্লিষ্ট বন্দর হতে উক্ত পণ্যের নমুনা সিল করে পরীক্ষার জন্য বিএসটিআই'র সংশ্লিষ্ট ল্যাবরেটরিতে প্রেরণের নিমিত্ত নমুনা জমাদান পত্র ও আমদানিমূল্যের ওপর হার অনুযায়ী প্রযোজ্য ছাড়পত্র ফি (অফেরতযোগ্য) পরিশোধের জন্য বিলপত্র আমদানিকারক বরাবর ইস্যু করবে।

(গ) আমদানিকারক বা তাঁর প্রতিনিধি সিলকৃত নমুনা বিএসটিআই'র সংশ্লিষ্ট ল্যাবরেটরিতে জমাদানের পর পরীক্ষণ ফি পরিশোধের রশিদ ও ছাড়পত্র ফি (অফেরতযোগ্য) পরিশোধের রশিদ বিএসটিআই'র সংশ্লিষ্ট কার্যালয়ে জমাদানের পর বিএসটিআই কর্তৃক উক্ত কনসাইনমেন্টের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে এবং উক্ত সাময়িক ছাড়পত্রের এক প্রস্থ

কাস্টমস কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে।

(ঘ) সাময়িক ছাড়পত্র প্রাপ্তির পর আমদানিকারক প্রতিষ্ঠান বিধি মোতাবেক প্রয়োজনীয় শুল্ক ও অন্যান্য ফি পরিশোধপূর্বক পোর্ট/বন্দর হতে মালামাল ছাড় করে আমদানিকৃত পণ্য আমদানিকারকের ওয়্যারহাউজ/গোডাউনে ইনট্যাক্ট অবস্থায় সংরক্ষণ করতে হবে।

(ঙ) আমদানিকারক প্রতিষ্ঠান আমদানিকৃত উক্ত পণ্যের অনুকূলে বিএসটিআই'র চূড়ান্ত ছাড়পত্র না পাওয়া পর্যন্ত গোডাউনে ইনট্যাক্ট অবস্থায় সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবেন, যা বিএসটিআই কর্তৃক একাধিকবার পরিদর্শন করা হবে।

(চ) বিএসটিআই'র চূড়ান্ত ছাড়পত্র প্রাপ্তির পূর্বে মালামাল ব্যবহার করা হলে বা শিল্পের কাচামাল ঘোষণায় আমদানিকৃত উক্ত পণ্য বিক্রি-বিতরণ করা হলে বিএসটিআই কর্তৃক এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) আমদানিকৃত পণ্যের নমুনা সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস) অনুযায়ী পরীক্ষান্তে উক্ত মানের সমপর্যায়ের পাওয়া গেলে বিএসটিআই উক্ত কনসাইনমেন্টের অনুকূলে চূড়ান্ত ছাড়পত্র প্রদান করবে।

(জ) আমদানিকৃত পণ্যের নমুনা সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস) অনুযায়ী পরীক্ষান্তে অকৃতকার্য হলে তথা নিম্নমানের প্রতীয়মান হলে বিএসটিআই কর্তৃক উক্ত কনসাইমেন্টের মাধ্যমে আমদানিকৃত পণ্যের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিম্নমানের পণ্য আমদানিকারক প্রতিষ্ঠানকে পরবর্তী কনসাইনমেন্টের জন্য সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।

(জ) কোনো প্রতিষ্ঠান উপরোল্লিখিত ব্যবস্থাপনা ও শর্ত পরিপালনে ব্যর্থ হলে ঐ প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।

এমতাবস্থায়, শিল্পের কাঁচামাল ঘোষণায় আমদানিকৃত পণ্য বন্দর হতে খালাস প্রক্রিয়া সহজিকরণের নিমিত্ত উপরোল্লিখিত ব্যবস্থাপনা ও শর্তে বিএসটিআই হতে সাময়িক ছাড়পত্র ও চূড়ান্ত ছাড়পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এই আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।


২১-০১-২০২৫
মোঃ সাইফুল ইসলাম
পরিচালক
৫৫০৩০১১৩
nurulamin.bsti@gmail.com


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক ও অফিস প্রধান, পরিচালক এর দপ্তর, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, চট্টগ্রাম।
২। সহকারী পরিচালক (রুটিন দায়িত্ব), রসায়ন ল্যাব, বি,এস,টি,আই বিভাগীয় অফিস,খুলনা।
৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক এর দপ্তর, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রাজশাহী।
৪। উপপরিচালক ও অফিস প্রধান, মেট্রোলজি, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, সিলেট।
৫। সহকারী পরিচালক (মেট্রোলজি), পরিচালক এর দপ্তর, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, বরিশাল।
৬। উপপরিচালক, উপপরিচালক এর দপ্তর, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, রংপুর।
৭। উপপরিচালক (রসায়ন) ও অফিস প্রধান, প্রশাসন, বি,এস,টি,আই বিভাগীয় অফিস, ময়মনসিংহ।
৮। উপপরিচালক (রসায়ন) ও অফিস প্রধান, অফিস প্রধানের দপ্তর, বি,এস,টি,আই জেলা অফিস, কক্সবাজার।
৯। উপপরিচালক (সিএম), সিএম, বি,এস,টি,আই জেলা অফিস, কুমিল্লা।

১০। উপপরিচালক (সিএম) ও অফিস প্রধান, উপপরিচালক এর দপ্তর, বি,এস,টি,আই জেলা অফিস, ফরিদপুর।
১১। উপপরিচালক ও অফিস প্রধান, উপপরিচালক এর দপ্তর, বি,এস,টি,আই জেলা অফিস, নওগাঁ।
১২। উপ-পরিচালক, উপপরিচালক এর দপ্তর, বি,এস,টি,আই জেলা অফিস, পাবনা।
১৩। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, গাজীপুর।
১৪। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, নরসিংদী।
১৫। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর।
১৬। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, যশোর।
১৭। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া।
১৮। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, গোপালগঞ্জ।
১৯। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী।
২০। উপপরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, পটুয়াখালী।

**স্মারক নম্বর:** ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০০২.২৫.১৬১/১ (১২)

তারিখ: ৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড।
৩। সচিব (রুটিন দায়িত্ব), সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, বিএবি ও বয়লার, শিল্প মন্ত্রণালয়(উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। প্রশাসক, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৭। প্রেসিডেন্ট, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। প্রশাসক, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সিসিসিআই), ডব্লিউটিসি বিল্ডিং, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৯। পরিচালক, প্রশাসন উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।
১০। পরিচালক, সিএম উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।
১১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পদার্থ পরীক্ষণ উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।
১২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), রসায়ন পরীক্ষণ উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।



২১-০১-২০২৫
মোহাম্মদ আরাফাত হোসেন সরকার
উপপরিচালক